- ✓ লোক প্রশাসন সাময়িকী
- ✓ চ্যানেল আই-এর প্রকৃতি বাংলা
- ✓ তথ্য অধিকার সহায়িকা
- ✓ বাংলাদেশ সংস্করণ ও উন্নয়ন
- ✓ বিশ্ব শিশু পরিস্থিতি-২০১১
- ✓ সরকারি ব্যয় ব্যবস্থাপনা ম্যানুয়াল
- ✓ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা
- ✓ বিভিন্ন আর্থিক বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি
- ✓ বিভিন্ন সনের বাজেটের মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (অনুন্নয়ন ও উন্নয়ন)
- ✓ জেভার ও গণমাধ্যম প্রশিক্ষণ নির্দেশিকা
- ✓ প্রশিক্ষণ প্রতিবেদন
- ✓ প্রশিক্ষণের চূড়ান্ত প্রয়োজনার অডিও ও ভিডিও
- ✓ গবেষণা প্রতিবেদন
- ✓ UNICEF এবং UNDP কর্তৃক প্রেরিত বিভিন্ন প্রতিবেদন
- ✓ Bangladesh Quarterly
- ✓ Human Bangladesh
- ✓ Community Radio Handbook
- ✓ Stories of Courage and Resistance
- ✓ Daily Lives: Working Children in Bangladesh
- ✓ Study Guide: Business for the 21st Century
- ✓ CCIR
- ✓ Public Administration for 21st Century
- ✓ Agricultural Success Cases for Rural Poverty Alleviation

ম্যাগাজিন:

- ✓ মাসিক কিশোর ম্যাগাজিন নবায়ন
- ✓ সচিত্র বাংলাদেশ
- ✓ বেতার বাংলা

- ✓ মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স
- ✓ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবেদন
- ✓ সাপ্তাহিক গেজেট
- ✓ Rider's Digest

ডিরেক্টরী:

- ✓ Commonwealth Broadcaster Directory-2005
- ✓ Media Directory-2004
- ✓ Bangladesh Directory of Social Science Research Organizations.

ATLAS:

- ✓ Oxford School ATLAS.

কম্পিউটার ল্যাব :

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কম্পিউটার ল্যাব-এ হাইস্পিড ইন্টারনেট সংযোগসহ ২১টি কম্পিউটার আছে। প্রতিটি কম্পিউটার এর সাথে হেডফোন সংযুক্ত আছে। বিভিন্ন কোর্স ও কর্মশালার আইসিটি বিষয়ক ব্যবহারিক ক্লাসগুলো এ ল্যাবে অনুষ্ঠিত হয়। এছাড়াও Non Liner Video Editing, Modern Office Management, Audio Recording and Editing, Digital Photography প্রভৃতি কোর্সের ব্যবহারিক ক্লাসসহ বিভিন্ন সেশন এখানে অনুষ্ঠিত হয়। কম্পিউটার ল্যাবটি শীতাতপ নিয়ন্ত্রিত। এখানে ব্যবহৃত প্রতিটি কম্পিউটার আধুনিক কনফিগারেশন সমৃদ্ধ।

আইসিটি :

- **Online Course** : প্রশিক্ষার্থীগণ ইনস্টিটিউটে না এসেও যে-কোনো সময় যে-কোনো স্থান থেকে অনলাইন কোর্সে অংশগ্রহণ করতে পারে এবং এর ফলে প্রশিক্ষার্থীর সময়, খরচ ও শ্রম কম হয়।
- **ই-ফাইলিং (নথি) ব্যবস্থাপনা** : গত ১১ জানুয়ারি ২০১৭ তারিখ থেকে ই-ফাইলিং (নথি) ব্যবস্থাপনার মাধ্যমে নথির কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এর ফলে কাগজের ব্যবহার হ্রাস পেয়েছে এবং নথি যে-কোনো সময় যে-কোনো স্থান থেকে নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে।
- **ইজিপি পোর্টালের মাধ্যমে ই-টেন্ডারিং** : ইনস্টিটিউটে ই-টেন্ডারিং-এর মাধ্যমে ক্রয় কার্যক্রম শুরু হয়েছে। গত ২০১৯-২০ অর্থবছরে ২ টি ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং-এর মাধ্যমে সম্পন্ন হয়েছে এবং ২০২০-২১ অর্থ বছরে ১টি ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং-এর মাধ্যমে সম্পন্ন করা হবে।
- **ডিজিটাল হাজিরা** : ইনস্টিটিউটে ডিজিটাল হাজিরা যন্ত্র স্থাপন করা হয়েছে।
- **ই-লাইব্রেরি** : ইনস্টিটিউটের লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার স্থাপন করা হয়েছে। এখানে ইনস্টিটিউটের কর্মকর্তা ও প্রশিক্ষার্থীগণ নাম নিবন্ধন, যে কোনো সময় যে কোনো স্থান থেকে বই-এর চাহিদা দিতে পারেন এবং বই-এর তালিকা দেখতে পারেন। ইতোমধ্যে ই-লাইব্রেরি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউটের নিরাপত্তা নিশ্চিতকরণে সিসি ক্যামেরা ও মনিটর স্থাপন করা হয়েছে। ফলে ইনস্টিটিউটের নিরাপত্তা বৃদ্ধি হয়েছে।
- **মাল্টিমিডিয়া ক্লাশরুম** : ইন্টারনেট সংযোগসহ ০৪ টি ক্লাসরুমে কম্পিউটার স্থাপন করা হয়েছে। ফলে যে-কোনো তথ্য তাৎক্ষণিক উপস্থাপন করা সম্ভব হচ্ছে এবং ক্লাশরুমে সেশন পরিচালনা আকর্ষণীয় হয়েছে।

ষষ্ঠ অধ্যায়

প্রশিক্ষণ এবং কর্মশালাসমূহ


জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ১৯৮০ খ্রিস্টাব্দ থেকে গণমাধ্যম সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ দিয়ে আসছে। শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম প্রকল্পের আওতায় ১৯৯৬ খ্রিস্টাব্দ থেকে কর্মশালার আয়োজন করে আসছে। এছাড়াও জিওবির আওতায় কর্মশালার আয়োজন করা হয়। ১৯৮০ খ্রিস্টাব্দ থেকে ২০১৯-২০ অর্থবছরের ৩০ শে জুন পর্যন্ত প্রকল্প ও জিওবির কর্মশালাসহ মোট ১,২৭০ টি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এতে অংশ নিয়েছে মোট ২২,৭৬১ জন প্রশিক্ষণার্থী।

জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ থেকে ৩০ জুন ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রশিক্ষণসমূহ

ক্রমিক	সাল/অর্থবছর	প্রশিক্ষণের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	পুরুষ	মহিলা
১.	২০০৯	২৫ টি	৪৬৭ জন	৩৪২ জন	১২৫ জন
২.	২০১০	১৩ টি	২৬৮ জন	১৮৬ জন	৮২ জন
৩.	২০১০-১১	৩১ টি	৬৬৩ জন	৪৯২ জন	১৭১ জন
৪.	২০১১-১২	১৮ টি	৩৭৬ জন	২৬৩ জন	১১৩ জন
৫.	২০১২-১৩	১৬ টি	৪৬৭ জন	৩৪২ জন	১২৫ জন
৬.	২০১৩-১৪	১৪ টি	৩০১ জন	২২১ জন	৮০ জন
৭.	২০১৪-১৫	২৬ টি	৫৩৩ জন	৩৯৭ জন	১৩৬ জন
৮.	২০১৫-১৬	২০ টি	৪২৭ জন	৩৩১ জন	৯৬ জন
৯.	২০১৬-১৭	২৭ টি	৫৪৯ জন	৪০৪ জন	১৪৫ জন
১০.	২০১৭-১৮	২৪ টি	৫১০ জন	৩৮২ জন	১২৮ জন
১১.	২০১৮-১৯	২৫ টি	৪৯১ জন	৩৫৯ জন	১৩২ জন
১২.	২০১৯-২০	২১ টি	৪৫৫ জন	৩২৪ জন	১৩১ জন
	মোট	২৬০ টি	৫,৫০৭ জন	৪,০৪৩ জন	১,৪৬৪ জন

টেবিল-১

জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ থেকে ৩০ জুন ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত
প্রশিক্ষণসমূহ



চিত্র-১

২০১৯-২০২০ অর্থবছরে আয়োজিত প্রশিক্ষণসমূহ

ক্রমিক নং	পাঠ্যধারা শিরোনাম	তারিখ	ব্যক্তি	প্রশিক্ষার্থীর সংখ্যা	পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়ক	শাখা
১.	১০ম গ্রেডের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ পাঠ্যধারা	২১-০৭-২০১৯ থেকে ১৯-০৯-২০১৯	০৯ সপ্তাহ ৪৫ দিন	মোট = ২১জন পু:- ১৯ জন ম:- ০২ জন	মো: আবুজার গাফফারী মিজ সুমনা পারভীন মো. আব্দুল মান্নান	অনুষ্ঠান শাখা
২.	টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল পাঠ্যধারা	২১-০৭-২০১৯ থেকে ০৮-০৮-২০১৯	০৩ সপ্তাহ ১৫দিন	মোট = ৩৬জন পু:- ২৪ জন ম:- ১১ জন	মিজ শিউলি দাস মো: ফাইম সিদ্দিকী	অনুষ্ঠান শাখা
৩.	সাইন্ড সিস্টেম অপারেটিং টেকনিকস কোর্স	২১-০৭-২০১৯ থেকে ০১-০৮-২০১৯	০২ সপ্তাহ ১০ দিন	মোট = ১৮ জন পু:- ১৮ জন ম:- ০০ জন	মোহাম্মদ আবু সাদেক নাফিজ আহমেদ	প্রকৌশল শাখা
৪.	বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং প্রশিক্ষণ পাঠ্যধারা	২৫-০৮-২০১৯ থেকে ১৯-০৯-২০১৯	০৪ সপ্তাহ ২০দিন	মোট = ১৫জন পু:- ১০ জন ম:- ০৫ জন	সুফী জাকির হোসেন মো: সোহেল পারভেজ	অনুষ্ঠান শাখা
৫.	ডিজিটাল অডিও রিকোর্ডিং এন্ড এডিটিং কোর্স	২৫-০৮-২০১৯ থেকে ১৯-০৯-২০১৯	৪ সপ্তাহ ২০ দিন	মোট = ২৩ জন পু:- ১৮ জন ম:- ০৫ জন	মোহাম্মদ আবু সাদেক নাফিজ আহমেদ	প্রকৌশল শাখা
৬.	বিসিএস (প্রকৌশল) পেশাগত প্রবেশক পাঠ্যধারা	২২-০৯-২০১৯ থেকে ১২-১২-২০১৯	১২ সপ্তাহ ৬০ দিন	মোট = ১৯ জন পু:- ১৬ জন ম:- ০৩ জন	মিজ শাহিদা সুলতানা দেওয়ান আশরাফ আব্দুল হান্নান	প্রকৌশল শাখা

৭.	এ্যাডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট	১৩-১০-২০১৯ থেকে ০৭-১১-২০১৯	৪ সপ্তাহ ২০ দিন	মোট = ১৬ জন পু:- ১০ জন ম:- ০৬ জন	মিজ. রওনক জাহান মো: সোহেল পারভেজ	অনুষ্ঠান শাখা
০৮.	বেতার অনুষ্ঠান প্রয়োজনা	১৩-১০-২০১৯ থেকে ১৪-১১-২০১৯	৫ সপ্তাহ ২৫ দিন	মোট = ১৭ জন পু:- ১২ জন ম:- ০৫ জন	মো: আবুজার গাফফারী মো. আবু হাসান	প্রকৌশল শাখা
০৯.	টেলিভিশন নাটক প্রয়োজনা কৌশল পাঠ্যধারা	২৭-১০-২০১৯ থেকে ১৪-১১-২০১৯	০৩ সপ্তাহ ১৫দিন	মোট = ৩৯জন পু:- ২৫ জন ম:- ১৪ জন	জাহিদুল ইসলাম আইরিন সুলতানা	অনুষ্ঠান শাখা
১০.	ডিজিটাল ক্যামেরা অপারেটিং এন্ড লাইটিং	১৭-১১-২০১৯ থেকে ২৬-১২-২০১৯	০৬ সপ্তাহ ৩০দিন	মোট = ১৪ জন পু:- ১২ জন ম:- ০২ জন	রওনক জাহান মাসুদ মনোয়ার মো. আব্দুল হান্নান	প্রকৌশল শাখা
১১	সংবাদ উপস্থাপনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারা	২৪-১১-২০১৯ থেকে ১৯-১২-২০১৯	০৪ সপ্তাহ ২০দিন	মোট = ২৪ জন পু:-০৭ জন ম:- ১৭ জন	সুমনা পারভীন মো. আব্দুল মান্নান	অনুষ্ঠান শাখা
১২.	Communicative English Course for Media Professionals	২৪-১১-২০১৯ থেকে ১২-১২-২০১৯	০৪ সপ্তাহ ২০দিন	মোট = ১১ জন পু:- ০৬ জন ম:- ০৫ জন	আব্দুল জলিল মো: ফাইম সিদ্দিকী	অনুষ্ঠান শাখা
১৩.	টেলিভিশন নাটক প্রয়োজনা কৌশল পাঠ্যধারা	২২-১২-২০১৯ থেকে ০৯-০১-২০২০	০৩ সপ্তাহ ১৫দিন	মোট = ২৮ জন পু:- ১৭ জন ম:- ১১ জন	জাহিদুল ইসলাম ইসমত জাহান চৌধুরী	অনুষ্ঠান শাখা
১৪.	মর্ডার ব্রডকাস্ট টেকনোলজি কোর্স	০৫-০১-২০২০ থেকে ৩০-০১-২০২০	৪ সপ্তাহ ২০ দিন	মোট = ১৪ জন পু:- ১২ জন ম:- ০২ জন	মোহাম্মদ আবু সাদেক নাফিজ আহমেদ	প্রকৌশল শাখা
১৫.	বিসিএস (সাধারণ) পেশাগত প্রবেশক পাঠ্যধারা	১২-০১-২০২০ থেকে ২৫-০৩-২০২০	১২ সপ্তাহ ৬০ দিন	মোট = ১৮ জন পু:- ১০ জন ম:- ০৮ জন	মিজ. রওনক জাহান মো: সোহেল পারভেজ আবদুল হান্নান	অনুষ্ঠান শাখা
১৬.	রেডিও এন্ড টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা পাঠ্যধারা	০২-০২-২০২০ থেকে ২৭-০২-২০২০	০৪ সপ্তাহ ২০ দিন	মোট = ২৩ জন পু:- ১৪ জন ম:- ০৯ জন	মিজ শিউলি দাস মো. আব্দুল হান্নান	অনুষ্ঠান শাখা
১৭.	ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্স	২৩-০২-২০২০ থেকে ১৯-০৩-২০২০	০৪ সপ্তাহ ২০দিন	মোট = ১০ জন পু:- ০৭ জন ম:- ০৩ জন	মিজ শাহিদা সুলতানা মো: ফাইম সিদ্দিকী	অনুষ্ঠান শাখা
১৮.	বেসিক ট্রেনিং অন ব্রডকাস্ট টেকনোলজি কোর্স	০৮.০৩.২০২০ থেকে ১৯-০৩-২০২০	০৪ সপ্তাহ ২০দিন	মোট = ২০ জন পু:- ১৮জন ম:- ০২ জন	মোহাম্মদ আবু সাদেক নাফিজ আহমেদ	প্রকৌশল শাখা
১৯.	Online Training Workshop for Media Professionals on Covid-19	১১ জুন ২০২০	১দিন	মোট = ৩০ জন পু:- ২৫ জন ম:- ০৫ জন	মোহা: আব্দুস সালাম	অনুষ্ঠান শাখা
২০.	Online Training Workshop for Media Professionals on Covid-19	১২ জুন ২০২০	১দিন	মোট = ৩০ জন পু:- ২০ জন ম:- ১০ জন	মোহা: আব্দুস সালাম	অনুষ্ঠান শাখা
২১.	Online Training Workshop for Media Professionals on Covid-19	১৩ জুন ২০২০	১দিন	মোট = ২৯ জন পু:- ২৪ জন ম:- ০৫ জন	মোহা: আব্দুস সালাম	অনুষ্ঠান শাখা
			মোট প্রশিক্ষণার্থী= পুরুষ = মহিলা =	৪৫৫ জন ৩২৪ জন ১৩১ জন		

কর্মশালাসমূহ

বাংলাদেশের শিশু ও নারী উন্নয়নের লক্ষ্যে কার্যকর যোগাযোগ নিশ্চিতকল্পে বাংলাদেশ সরকার ও ইউনিসেফ এর আর্থিক সহযোগিতায় ১৯৯৬ খ্রিস্টাব্দ থেকে প্রকল্পের মাধ্যমে তথ্য মন্ত্রণালয়াদীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, প্রেস ইনস্টিটিউট (পি আই বি), গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য অধিদপ্তর ও বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) বর্তমানে তাদের স্ব স্ব অবস্থানে থেকে কর্মশালা পরিচালনা করে আসছে।

১৯৯৬ থেকে ২০০১ খ্রিস্টাব্দ পর্যন্ত নাম ছিল শিশু ও মহিলাদের উন্নয়নে যোগাযোগ কার্যক্রম, ২০০১ খ্রিস্টাব্দ থেকে ২০০৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ছিল শিশু ও মহিলাদের উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (২য় পর্যায়), ২০০৬ খ্রিস্টাব্দ থেকে ২০১১ খ্রিস্টাব্দ পর্যন্ত ছিল শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (তৃতীয় পর্যায়), ২০১২ খ্রিস্টাব্দ থেকে ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (চতুর্থ পর্যায়)। ২০১৭ খ্রিস্টাব্দ থেকে বর্তমান সময় পর্যন্ত শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)। এসব প্রকল্পের আওতায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তথ্য ও যোগাযোগভিত্তিক কর্মমুখী উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে। এ কার্যক্রমের মাধ্যমে কমিউনিটি রেডিও এবং বেসরকারি বেতার ও টেলিভিশন চ্যানেলসমূহকে এই প্রশিক্ষণ কর্মসূচির আওতায় আনতে সক্ষম হয়েছে।

দারিদ্র, শিক্ষা ও প্রশিক্ষণ, স্বাস্থ্য, সিদ্ধান্ত নেবার ক্ষমতা, নারীর বিরুদ্ধে সহিংসতা, যৌতুক, কর্মসংস্থান, সশস্ত্র সংঘাত; মানবাধিকার, পরিবেশ, তথ্য ও প্রচার মাধ্যম, মেয়ে শিশু ও প্রতিষ্ঠানিক কার্যপদ্ধতি, কমিউনিটি রেডিও ইত্যাদি বিষয়সমূহকে বিবেচনায় রেখে বাংলাদেশের শিশু ও মহিলাদের উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। পাশাপাশি ইউনিসেফ উল্লিখিত প্রকল্পের আওতায় সাম্প্রতিক সময়ে প্রজনন স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, শিশুর প্রারম্ভিক বিকাশ, শিশু বিবাহ, অটিজম, এইচ আই ভি, এইডস, গার্লস এডুকেশন, শিশুদের জন্য হ্যাঁ বলুন, কর্পোরাল প্যানিশমেন্ট, শিশুশ্রম প্রভৃতি বিষয়কে সামগ্রিক উন্নয়নের অগ্রাধিকার ইস্যু হিসাবে সনাক্ত করেছে।


প্রশিক্ষণপ্রাপ্ত গণমাধ্যম কর্মীবৃন্দ তাঁদের স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে এই কার্যক্রমের মর্মকথা অর্থাৎ নারী ও শিশুর উন্নয়ন, তাঁদের প্রতি বৈষম্যহীন আচরণ, প্রতিরোধ, তাদের জীবনধারায় পরিবর্তন আনা, এই সব বার্তা পৌঁছে দেবেন সমাজের প্রতিটি মানুষের কাছে। প্রশিক্ষণপ্রাপ্ত গণমাধ্যম কর্মীদের এসকল ক্ষেত্রে যথাযথ ভূমিকা এসডিজি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ইউনিসেফের সহায়তায় সরকারের তথ্য মন্ত্রণালয় এ প্রকল্প বাস্তবায়ন করছে। বাংলাদেশ সরকার এবং ইউনিসেফ উভয়েই যৌথভাবে এ প্রকল্পে আর্থিক ও কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছে। তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রতিটিতে রয়েছেন একজন সহকারী প্রকল্প পরিচালক।

জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ থেকে ৩০ জুন ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত কর্মশালাসমূহ

ক্রমিক	সাল/অর্থবছর	কর্মশালার সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
১.	২০০৯	১১	১৭০	০১.০১.২০০৯ থেকে ৩০.০৬.২০০৯ পর্যন্ত
২.	২০০৯-১০	১৮	২৮৮	
৩.	২০১০-১১	২০	১৮০	
৪.	২০১১-১২	১৫	৩১৮	
৫.	২০১২-১৩	১৮	৩৮৯	
৬.	২০১৩-১৪	২৮	৬৬৬	
৭.	২০১৪-১৫	৩১	৬৭৬	
৮.	২০১৫-১৬	৩২	৭১৩	২৯টি প্রকল্পের ও ৩টি রেভিনিউ খাতের
৯.	২০১৬-১৭	২৬	৬৪১	
১০.	২০১৭-১৮	৩১	৮৩৮	২১টি প্রকল্পের ও ১৪টি রেভিনিউ খাতের
১১.	২০১৮-১৯	৪০	১,০৩১	৩৩ টি প্রকল্পের ও ৭ টি রেভিনিউ খাতের
১২.	২০১৯-২০	৩০	৮২৪	
মোট		৩০০ টি	৬,৭৩৪ জন	

টেবিল-২



চিত্র-২

২০১৯-২০ অর্থবছরে আয়োজিত কর্মশালা (প্রকল্প)

(জুলাই ২০১৯ জুন ২০২০ পর্যন্ত)

Sl.	Title of the Workshop	Duration	Participants	Male/Female
01	Workshop on Role of Media to Ensure Safety of Children and Women Against Rumor	03-05 August 2019	25	M- 17 F-08
02	Issue-based Workshop for Community Radio Producers	28 August to 01 September 2019	36	M-19 F-17
03	Internet for Children	06-08 September 2019	24	M-14 F-10
04	Training for Adolescent on Issue-based Reporting Techniques	19-21 September 2019	28	M-15 F-13
05	Issue-based Workshop for Media Professionals	01-03 October 2019	27	M-18 F-09
06	Techniques of Adolescent Child Participation in Electronic Media	12-14 October 2019	22	M-10 F-12
07	CRC, CEDAW, Meena, Women Education	13-15 October 2019	26	M-21 F-05
08	Facts for Life with Field Practice	17-19 October 2019	28	M-28 F-00
09	Techniques of News Writing	29-31 October 2019	23	M-16 F-07
10	Workshop on Capacity Building for Community Radio Professionals on Child Right Issue	13-16 November 2019	35	M-19 F-16
11	Training Workshop for Women Reporters of Electronic Media on Child Rights Issues	26-28 November 2019	31	M-00 F-31
12	Training Workshop for Media Professionals on child Marriage Issue	09-11 December 2019	29	M-22 F-07
13	Follow up Training and Monitoring of Children Participating in Electronic Media	20-21 December 2019	22	M-08 F-14
14	CRC, CEDAW, Meena, Women Education	14-16 January 2020	23	M-17 F-06
15	CRC, CEDAW, Meena, Women Education	03-05 February 2020	23	M-15 F-18
16	Issue-based Workshop for Community Radio Producers	06-10 February 2020	32	M-15 F-17
17	Review and Planning Workshop	12 February 2020	49	M-19 F-17
18	Training Workshop for Media Professionals on child Protection Issue	17-19 February 2020	20	M-16 F-04
19	Techniques of Adolescent Child Participation in Electronic Media	10-12 March 2020	33	M-25 F-08
20	Follow up Training and Monitoring of Children Participating in Electronic Media	13-14 March 2020	33	M-25 F-08
		Total	569	M-337 F-232

২০১৯-২০ অর্থবছরে আয়োজিত কর্মশালা (প্রকল্প)

Name of Project: Platform for Dialogue (P4D)

Sl.	Title of the Workshop	Date	Vanue	Participants	Male/Female
1	TOT on Strategic Communication	09-13 January 2020	NIMC	30	(F-6, M-24)
2	Strategic Communication to Ensure Good Governance	08-09 March 2020	Potuakhali Press club	25	(F-3,M-22)
3	Strategic Communication to Ensure Good Governance	13-14 March 2020	Panchagar DC Office Conference Room	25	(F-2,M-23)
4	Strategic Communication to Ensure Good Governance	02-03 March 2020	Kustia Sadar DC Office Conference Room	25	(F-3,M-22)
5	Strategic Communication to Ensure Good Governance	06-07 March 2020	Pirojpur LGED Conference Room	25	(F-2,M-23)
6	Strategic Communication to Ensure Good Governance	28-29 February2020	UNO Conference Room, Bishwambarpur, Sunamgonj	25	(F-0,M-25)
7	Strategic Communication to Ensure Good Governance	17-18 February2020	DC Conference Room, Natore	25	(F-0,M-25)
8	Strategic Communication to Ensure Good Governance	19-20 February2020	UNO Conference Room, Poba, Rajshahi	25	(F-2,M-23)
9	Strategic Communication to Ensure Good Governance	11-12 March 2020	UNO Conference Room, Islampur, Jamalpur	25	(F-3,M-22)
10	Strategic Communication to Ensure Good Governance	09-10 March 2020	DC Conference Room, Gaibandha	25	(F-2,M-23)
Total				255	(F-23 M-232)

২০১৯-২০ অর্থবছরে আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (জুলাই-২০১৯ থেকে জুন-২০২০)

ক্রম	সম্পাদিত কর্মশালা	সময়কাল	উদ্যোগী সংস্থা/এজেন্সির নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
০১.	অনলাইনে বেতন নির্ধারণ বিষয়ে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৬ জুলাই ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট- ২৯ জন পু- ২৪ জন ম- ০৫ জন	
০২	Training Management System (TMS) Software- এর ব্যবহার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ	০৯ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৬ জন পু- ২৬ জন ম- ১০ জন	
০৩	গাড়িচালক পেট্রোল/অকটেন খরচ কমানো এবং সরকারি আদেশ নির্দেশ ইত্যাদি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৯ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-০৯ জন পু- ০৯ জন ম- ০০ জন	
০৪	৩য়/ ১১তম-১৯তম গ্রেডের কর্মচারীদের 'ই-নথি, বিভিন্ন প্রকার পত্র, নথি উপস্থাপন এবং পত্র লিখন' বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২২ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৮ জন পু- ২৫ জন ম-০৩ জন	
০৫	৪র্থ শ্রেণি সরকারি কর্মচারীদের জন্য কল্যাণমূলক পদক্ষেপ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৩ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৯ জন পু- ২৬ জন ম-০৩ জন	
০৬	১ম ও ২য় শ্রেণি 'আয়কর' বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৪ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৪২ জন পু- ৩৫ জন ম-০৭ জন	
০৭	১ম ও ২য় শ্রেণি সেবা প্রদান, প্রতিশ্রুতি, এসডিজি এবং পিপিআর-২০০৮-কর' বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৫ সেপ্টেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৬ জন পু- ১৯ জন ম-০৭ জন	
০৮	৪র্থ শ্রেণি আচার আচরণের বিভিন্ন দিক এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রক এর সাথে আচার-আচরণ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৩ অক্টোবর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩০ জন পু- ২৭ জন ম-০৩ জন	
০৯	৩য় শ্রেণি নথি ব্যবস্থাপনা, পত্র জারী এবং পেনডিং লিস্ট প্রণয়ন বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৬ অক্টোবর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৪ জন পু- ৩১ জন ম-০৩ জন	
১০	১ম ও ২য় শ্রেণি Innovation in Service Delivery/Training of Trainers (ToT) বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৮ অক্টোবর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৯ জন পু- ২১ জন ম-০৮ জন	
১১	বহনকৃত কর্মকর্তাদের নিরাপত্তা, গাড়িচালকদের শিষ্টাচার ইত্যাদি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৮ অক্টোবর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
১২	উদ্ভাবন ও সেবা সজহীকরণ বিষয়ে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১১ নভেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৯ জন পু- ২১ জন ম-০৮ জন	
১৩	৪র্থ শ্রেণি 'সুভেচ্ছা বিনিময়, ছুটি গ্রহণ টেলিফোন রিসিভ করা, কোন বিষয়ে অনুরোধ জানানো, সম্মতি ও অসম্মিত প্রকাশ ভঙ্গি' বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১২ নভেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৯ জন পু- ২৬জন ম- ০৩ জন	

ক্রম	সম্পাদিত কর্মশালা	সময়কাল	উদ্যোগী সংস্থা/এজেন্সির নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য
১৪	গাড়িচালক 'যানবাহনের নিরাপত্তা ও যত্নশীলতা এবং বেপরোয়া গাড়িচালনা' ইত্যাদি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৪ নভেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
১৫	'বিভিন্ন প্রকার ছুটি' সাধারণ ভবিষ্য তহবিল ও অন্যান্য নাগরিক সেবা বিষয়ে ৩য় শ্রেণির কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৪ নভেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৪ জন পু- ৩০ জন ম-০৪ জন	
১৬	গাড়িচালকদের আচরণ এবং সরকারি কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৫ ডিসেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
১৭	৩য় শ্রেণির পেনশন ও আনুতোষিক এবং সরকারি কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৯ ডিসেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩১ জন পু- ২৮ জন ম-০৩ জন	
১৮	৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেড) অফিসে উর্ধ্বতন কর্মকর্তা এবং জনসাধারণের সঙ্গে আচরণ, কম্পিটার খোলা ও বন্ধ করা, টেলিফোন ব্যবহারে সৌজন্য এবং সরকারি কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২২ ডিসেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট- ২৯ জন পু- ২৬ জন ম-০৩ জন	
১৯	১ম ও ২য় শ্রেণি National Integrity Strategy (NIS) এবং Government Service Rules বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	৩০ ডিসেম্বর ২০১৯	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২২ জন পু- ১৭ জন ম-০৭ জন	
২০	১১-১৬ তম গ্রেডের কর্মচারিদের 'বাঙালা বানান, উচ্চারণ, লিখন' বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৬ জানুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৭ জন পু- ৩৩ জন ম-০৪ জন	
২১	দাপ্তরিক যন্ত্রপাতি ব্যবহার ও নৈতিকতা বিষয়ে ৪র্থ শ্রেণির কর্মচারিদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৭ জানুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৯ জন পু- ২৬ জন ম-০৩ জন	
২২	গাড়িচালকদের সাধারণ স্বাস্থ্যবিধি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৯ জানুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
২৩	যানবাহনের প্রাথমিক ধারণা, যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং যানবাহনের নিরাপত্তা, চুরি ও দুর্ঘটনা ইত্যাদিতে করণীয় বিষয়ে গাড়িচালকদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৩ ফেব্রুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
২৪	পত্র লিখন, বাঙালা বানান ও উচ্চারণ এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণ বিষয়ে ৩য় শ্রেণির কর্মচারিদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৪ ফেব্রুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৫ জন পু- ৩০ জন ম-০৫ জন	
২৫	ICT in office management: Use of free tools বিষয়ে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৫ ফেব্রুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-২৭ জন পু- ২০ জন ম-০৭ জন	

ক্রম	সম্পাদিত কর্মশালা	সময়কাল	উদ্যোগী সংস্থা/এজেন্সির নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
২৬	দায়িত্ব ও কর্তব্য, পত্র গ্রহণ, নথি প্রেরণ ও নথি গ্রহণ এবং নথি চলাচল সম্পর্কে ৪র্থ শ্রেণির কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	২৬ ফেব্রুয়ারি ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৪৬ জন পু- ৩৯ জন ম-০৭ জন	
২৭	৩য় শ্রেণির ডিজিটাল নথি খোলা/ নথি উপস্থাপন এবং এসিআর ফরম পূরণ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১১ মার্চ ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৩৪ জন পু- ২৫ জন ম-০৫ জন	
২৮	গাড়িচালকদের পথে প্রদর্শিত বিভিন্ন চিহ্ন/ সংকেত সম্পর্কে জানা ও করণীয় বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১২ মার্চ ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-১০ জন পু- ১০ জন ম-০০ জন	
২৯	৪র্থ শ্রেণির পোষাক পরিচ্ছদ বিষয়ক নির্দেশনা, অফিস নিরাপত্তা এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ।	১৫ মার্চ ২০২০	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট	মোট-৪৭ জন পু- ৪০ জন ম-০৭ জন	
				সর্বমোট = ৭৮১ জন পু : ৬৬০ জন ম : ১২১ জন	

পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম কোর্স

বর্তমান সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নে ইলেকট্রনিক গণমাধ্যমে কর্মরত ও কর্মইচ্ছুক গণমাধ্যম কর্মীদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলাই মূলত এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। ইলেকট্রনিক গণমাধ্যম বিকাশের ফলে ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষাপটে দক্ষ ও প্রশিক্ষিত ইলেকট্রনিক গণমাধ্যমকর্মী গড়ে তোলার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ঢাকা স্কুল অব ব্রডকাস্ট জার্নালিজম প্রতিষ্ঠা করা হয়েছে। এ কোর্সের মাধ্যমে বেতার ও টেলিভিশনের ওপর তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়সহ যোগাযোগ, গণমাধ্যম ও সম্প্রচার বিষয়ে বর্তমান ও ভবিষ্যত প্যাটার্ন সম্পর্কে পাঠদান করা হয়। কোর্সের আসন সংখ্যা ২০ এবং সময়সীমা ১ বছর (৬ মাস মেয়াদী ২ সেমিস্টার)।

UNICEF প্রদত্ত মীনা মিডিয়া অ্যাওয়ার্ড ২০১৯ প্রাপ্তদের তালিকা

SL.	Postion	Name	Organization
01.	1 st Prize	MD. Shajadul Islam	Radio Jhenuk
02.	1 st Prize	Pial Ahmmed	Radio Jhenuk
03.	1 st Prize	Sejuty Hasan Adity	Radio Sarabela
04.	1 st Prize	Konika Dey	Radion Meghna
05.	2 nd Prize	Rubaiyat Yousuf	Radio Palli Kantha
06.	2 nd Prize	Sutapa Rani Paul	Radio Palli Kantha
07.	2 nd Prize	Gobindo Deb Mitra	Radio Palli Kantha
08.	3 rd Prize	Pritha Pronodona	hello.bdnews24.com
09.	3 rd Prize	Nasrin Jahan Rimi	Radio Jhenuk
10.	3 rd Prize	Md. Mehedi Hasan Sajib	Krishi Radion
11.	3 rd Prize	Zarin Jasnim Bipa	Radio Sarabela

সপ্তম অধ্যায়

কোর্সসমূহের সংক্ষিপ্ত বিবরণ

বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং কোর্স :

চার সপ্তাহব্যাপী বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং কোর্সের প্রধান উদ্দেশ্য হলো : সংবাদ লিখন, সংবাদ প্রতিবেদন তৈরি, উপস্থাপনায় দক্ষতা বৃদ্ধি করা। রেকর্ডিং / স্যুটিং / এডিটিং এবং একটি অনুষ্ঠান কৌশলগতভাবে পরিচালনা করতে হয় সে বিষয়ে শেখানো হয়। বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বেসরকারি চ্যানেলে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সটির জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

মর্ডান ব্রডকাস্ট টেকনোলজি কোর্স :

চার সপ্তাহব্যাপী মর্ডান ব্রডকাস্ট টেকনোলজি কোর্সের প্রধান উদ্দেশ্য হলো : সম্প্রচার কৌশল সম্পর্কে সর্বশেষ তথ্য দেয়া, তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান প্রয়োগের মাধ্যমে আধুনিক সম্প্রচার পদ্ধতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধি করা, বিভিন্ন পুরাতন মাধ্যম ও সামাজিক মাধ্যমের মধ্যে পার্থক্য নিরূপণ করা, আধুনিক সম্প্রচার স্টেশনগুলো পরিদর্শনের মাধ্যমে সম্প্রচার মাধ্যমের জ্ঞান আরো পরিশীলিত করা। বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সের জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

সংবাদ উপস্থাপনা কৌশল পাঠ্যধারা :

চার সপ্তাহব্যাপী সংবাদ উপস্থাপনা কৌশল জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের একটি উল্লেখযোগ্য কোর্স। কোর্সটিতে সংবাদ উপস্থাপনা কৌশল, সঠিক উচ্চারণ সম্পর্কে জানা যাবে। গণমাধ্যমকর্মীদের সাথে অভিজ্ঞতা বিনিময় করার সুযোগ হবে এ কোর্সের মাধ্যমে। টেলিভিশন এবং বেতারে দক্ষতার সাথে সংবাদ উপস্থাপনার জন্য বিভিন্ন ফরমেট সম্পর্কে ধারণা লাভ করা যাবে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, বিসিএস (তথ্য) কর্মকর্তা, বেসরকারি বেতার, বেসরকারি টেলিভিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সের জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

বেসিক ট্রেনিং ফর ব্রডকাস্ট টেকনিশিয়ানস কোর্স :

চার সপ্তাহব্যাপী বেসিক ট্রেনিং ফর ব্রডকাস্ট টেকনিশিয়ানস কোর্সটি মূলত বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য। কোর্সটিতে বেতার এবং টেলিভিশনের যন্ত্রপাতি সম্পর্কে জানা যাবে। নতুন টেকনোলজি সম্পর্কে পরিচিতি হওয়া, স্টুডিও, ট্রান্সমিটার পরিচালনা এবং ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা লাভ করা যাবে। রেকর্ডিং, এডিটিং, ট্রান্সমিশন ব্যবহার কৌশল জানার মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হলো এ কোর্সের প্রধান উদ্দেশ্য।

বিসিএস তথ্য (প্রকৌশল) প্রবেশক পাঠ্যধারা :

১২ সপ্তাহব্যাপী বিসিএস তথ্য (প্রকৌশল) প্রবেশক পাঠ্যধারাটি নবনিযুক্ত বিসিএস তথ্য (প্রকৌশল) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজন করা হয়। কোর্সটিতে বাংলাদেশ অভ্যুদয়ের ইতিহাস, সংস্কৃতি, সংবিধান, উন্নয়ন ও পরিবেশগত বিষয়ে জানা যাবে। বেতার প্রকৌশলের সকল তত্ত্বীয় এবং ব্যবহারিক জ্ঞান, তথ্য মন্ত্রণালয়ের চার্টার অব ডিউটি। এ কোর্স থেকে বিসিএস কর্মকর্তারা তাঁদের জন্য প্রয়োজ্য রুলস এন্ড রেগুলেশন এবং নীতিমালা সম্পর্কে জ্ঞান লাভ করার সুযোগ পাবেন।

বেতার অনুষ্ঠান প্রযোজনা পাঠ্যাধারা :

চার সপ্তাহব্যাপী বেতার অনুষ্ঠান প্রযোজনা পাঠ্যাধারার উদ্দেশ্য হলো অনুষ্ঠান প্রযোজনার সকল কলা-কৌশল এবং নীতি সম্পর্কে ধারণা দেয়া, একটি অনুষ্ঠান তৈরি জন্য বিষয়ভিত্তিক ধারণা, শুদ্ধ উচ্চারণ, মাইক্রোফোনের ব্যবহার এবং স্টুডিও পরিচালনা সম্পর্কে সার্বিক জ্ঞান প্রদান করা। কোর্সটিতে বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার, কমিউনিটি রেডিও এবং ফ্রিল্যান্সার আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

ডিজিটাল ক্যামেরা এন্ড লাইটিং কোর্স :

ছয় সপ্তাহব্যাপী ডিজিটাল ক্যামেরা এন্ড লাইটিং কোর্সটিতে আলোর ব্যবহার ও নিয়ন্ত্রণ সম্পর্কে জানা, আলোর বিভিন্ন রং এবং তার সঠিক নির্দেশনা, বিভিন্ন এঙ্গেলে টেলিভিশন ক্যামেরা পরিচালনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যাবে। টেলিভিশন ক্যামেরার সাথে সংযুক্ত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সটি করার জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৯,০০০ (নয় হাজার) টাকা প্রদান করতে হয়।

বিসিএস (তথ্য) প্রবেশক পাঠ্যাধারা :

১২ সপ্তাহব্যাপী বিসিএস (তথ্য) প্রবেশক পাঠ্যাধারাটি শুধুমাত্র বিসিএস তথ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজন করা হয়। কোর্সটিতে বাংলাদেশ অভ্যুদয়ের ইতিহাস, সংস্কৃতি, সংবিধান উন্নয়ন ও পরিবেশ সম্পর্কে জানা যাবে। মৌলিক সাংবাদিকতা, গণমাধ্যম ও যোগাযোগ, জনসংযোগ, বেতার ও টেলিভিশনের খবর ও অনুষ্ঠানের বিষয়ে ধারণা লাভ করতে পারবেন। বাংলাদেশ বেতার ও টেলিভিশনের অনুষ্ঠানের বিভিন্ন ফরমেট, সম্প্রচার নীতিমালা, তথ্য মন্ত্রণালয় এবং তার অধীনস্থ দপ্তর/সংস্থার দায়িত্ব, বিধি, বিসিএস কর্মকর্তাদের জন্য প্রযোজ্য আইন, রুলস এন্ড রেগুলেশন এবং নীতিমালা প্রভৃতি নানাবিধ বিষয় সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

বেতার এবং টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা পাঠ্যাধারা :

চার সপ্তাহব্যাপী বেতার এবং টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা পাঠ্যাধারাটির প্রধান উদ্দেশ্য হলো অনুষ্ঠান উপস্থাপনা বিষয়ে দক্ষতা ও জ্ঞান বৃদ্ধি করা। এছাড়া যোগাযোগের কার্যকরী পদ্ধতি, গণমাধ্যম ভাষা, অনুষ্ঠানের বিভিন্ন ধরণ এবং সম্প্রচার পদ্ধতি ধারণা দেয়া। তথ্য মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর /সংস্থা, বেসরকারি বেতার, বেসরকারি টেলিভিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সটির জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা পাঠ্যাধারা :

ছয় সপ্তাহব্যাপী টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা পাঠ্যাধারাটির প্রধান উদ্দেশ্য হলো টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনার বিভিন্ন ধরন, পরিকল্পনা, অনুষ্ঠান প্রযোজনার কৌশল সম্পর্কে ধারণা দেয়া। এ প্রশিক্ষণে টেলিভিশন অনুষ্ঠানের জন্য বিষয় নির্ধারণ, পরিকল্পনা এবং স্ক্রিপ্ট তৈরির বিষয়ে সম্যক ধারণা দেয়া হয়। তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা, বেসরকারি টেলিভিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সটির জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের ছয় সপ্তাহ মেয়াদি পাঠ্যাধারাটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৬,০০০ (ছয় হাজার) টাকা প্রদান করতে হয়।

ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্স :

চার সপ্তাহব্যাপী ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্সের প্রধান উদ্দেশ্য হলো আধুনিক নথি ব্যবস্থাপনা (ই-ফাইল), বিভিন্ন ধরনের পত্র, ইউনিকোড, নিকশ এর মাধ্যমে বাংলা এবং ইংলিশ টাইপ সম্পর্কে ধারণা দেয়া হয়। সরকারের বিভিন্ন উদ্যোগ, কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার এবং ইন্টারনেট ব্যবহার সম্পর্কে জোর দেয়া হয়। তথ্য মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার জন্য এ কোর্সটির আয়োজন করা হয়।

এডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট :

এডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট মূলত তথ্য মন্ত্রণালয় আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা এবং সরকারের অন্যান্য দপ্তরের প্রথম শ্রেণি (মধ্যম পর্যায়ের) কর্মকর্তাদের জন্য আয়োজন করা হয়। কোর্সটিতে কার্যকর ও গতিশীল মিডিয়া ব্যবস্থাপনা (কৌশলগত পরিকল্পনা, অর্থনৈতিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা এবং সুশাসন) এবং আধুনিক মিডিয়ার বিভিন্ন চ্যালেঞ্জ- এর ওপর গুরুত্ব আরোপ করা হয়। মানব সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা, বাংলাদেশ সংস্কৃতি ও ইতিহাস, বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের বিকাশ, মিডিয়া ও সাংবাদিকতা নীতিমালা সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়। কোর্সটির মেয়াদ ৪ সপ্তাহ।

নন-লিনিয়ার ভিডিও এডিটিং কোর্স :

তিন সপ্তাহব্যাপী নন-লিনিয়ার ভিডিও এডিটিং কোর্সের প্রধান উদ্দেশ্য হলো আধুনিক ও সর্বশেষ উদ্ভাবিত সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ভিডিও সম্পাদনার কৌশল ও নন্দনতত্ত্ব সম্পর্কে ধারণা দেয়া। কোর্সটিতে ভিডিও সম্পাদনের নীতিমালা, শব্দ ও ছবির ব্যবহার, ক্যাপচারিং, অরগানাইজিং, সম্পাদনার সীমা রেখা ইত্যাদির ওপর জোর দেয়া হয়। তথ্য মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থায় বেসরকারি টেলিভিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ এবং ফ্রিল্যান্সার এ কোর্সটির জন্য আবেদন করতে পারবেন। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা প্রদান করতে হয়।

কমিউনিকেশন ইংলিশ কোর্স ফর মিডিয়া প্রোফেশনালস :

কমিউনিকেশন ইংলিশ কোর্স ফর মিডিয়া প্রোফেশনালস মূলত তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা এবং ফ্রিল্যান্সারদের জন্য আয়োজন করা হয়। একে অপরের সাথে ইংরেজিতে ভাব বিনিময় করা, সেমিনার, কর্মশালা, সম্মেলন ইত্যাদি ইংরেজি ভাষায় পরিচালনা করার কৌশলগত বিষয় জানানোই এ কোর্সের মূল উদ্দেশ্য। ইংরেজি বলার ধরণ, মৌলিক নীতিমালা, রাইটিং, লিসেনিং এবং রিডিং এর ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। কোর্সটির মেয়াদ ৩ সপ্তাহ। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৩,০০০ (তিন হাজার) টাকা প্রদান করতে হয়।

ব্রডকাস্ট নেটওয়ার্কিং এন্ড সাইবার সিকিউরিটি কোর্স :

তিন সপ্তাহব্যাপী ব্রডকাস্ট নেটওয়ার্কিং এন্ড সাইবার সিকিউরিটি কোর্সটি বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য দপ্তর/সংস্থা, বেসরকারি টেলিভিশন, এফ এম রেডিও এবং ফ্রিল্যান্সারদের জন্য আয়োজন করা হয়। কোর্সটিতে বিভিন্ন ধরণের নেটওয়ার্কিং সিস্টেম এবং আইটি নেটওয়ার্কিং এবং তাদের ব্যবহার সম্পর্কে ধারণা দেয়া হয়। আইটিতে দক্ষতা ও কার্যকরভাবে ব্যবহার বিধি এবং তার ডিজাইন নেটওয়ার্কিং নিরাপত্তা ও সমস্যার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা প্রদান করতে হয়।

টেলিভিশন নাটক প্রযোজনা পাঠ্যধারা :

তিন সপ্তাহব্যাপী টেলিভিশন নাটক প্রযোজনা পাঠ্যধারাটি মূলত ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব এবং নাট্যকলা থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য আয়োজন করা হয়। টেলিভিশন নাটক প্রযোজনার বিভিন্ন কৌশল, তত্ত্বীয় ও ব্যবহারিক বিষয়ে ধারণা দেয়া হয়। বিভিন্ন প্রকার ক্যামেরার ব্যবহার, লাইটিং, শব্দ এবং মাইক্রোফোনের ব্যবহার, কস্টিউম ও মেকআপ, স্ক্রিপ্ট রাইটিং এবং এডিটিং- এর ওপর বেশি গুরুত্বারোপ করা হয়। পাঠ্যধারার শেষ পর্যায়ে প্রশিক্ষার্থীদের মাধ্যমে দু'টি স্বল্প দৈর্ঘ্যের নমুনা টিভি নাটক নির্মাণ করা হয়। প্রশিক্ষার্থীদের কোর্স ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র প্রদান করতে হয়।

প্রশিক্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা:

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন অন্যান্য দপ্তর/সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ পরিচালনায় দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে ০২ সপ্তাহব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ পাঠ্যধারাটির আয়োজন করা হয়। কোর্সটিতে প্রশিক্ষণের ধারণা, পরিকল্পনা, প্রশিক্ষণের চাহিদা নিরূপণ সমীক্ষা, প্রশিক্ষণ পদ্ধতি, প্রশিক্ষকের ভূমিকা, প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণে বেশি গুরুত্ব আরোপ করা হয়।

নিউ মিডিয়া এন্ড ট্রাডিশনাল মিডিয়া কোর্স :

চার সপ্তাহব্যাপী নিউ মিডিয়া এন্ড ট্রাডিশনাল মিডিয়া কোর্সটিতে- সামাজিক গণমাধ্যম তথা নিউ মিডিয়া এন্ড ট্রাডিশনাল মিডিয়ার বিভিন্ন ক্ষেত্রে ধারণা দেয়া হয়। ইলেকট্রনিক মিডিয়া, প্রিন্ট মিডিয়া এন্ড সোস্যাল মিডিয়ার নেটওয়ার্কিং এর সমস্যা এন্ড সম্ভাবনার বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। কোর্সটি বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, তথ্য মন্ত্রণালয়ের অধিনস্থ অন্যান্য দপ্তর/সংস্থা বেসরকারি টেলিভিশন, এফ এম রেডিও এন্ড ফ্রিল্যান্সারদের জন্য আয়োজন করা হয়। ফ্রিল্যান্সারদের কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা প্রদান করতে হয়।

অনলাইন ডিজিটাল অডিও রেকর্ডিং এন্ড এডিটিং কোর্স :

দুই সপ্তাহব্যাপী অনলাইন ডিজিটাল অডিও রেকর্ডিং এন্ড এডিটিং কোর্সের মূল উদ্দেশ্য দূরের প্রশিক্ষণার্থীদেরকে অনলাইনভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে অডিও রেকর্ডিং এন্ড এডিটিং বিষয়ে ধারণা দেয়া। এ পদ্ধতিতে প্রতিদিন ওয়েবসাইটে লেকচার শীট আপলোড করা হয়। প্রশিক্ষণার্থীরা ই-মেইল, ফেসবুক, স্কাইপি এন্ড ইউটিউব ব্যবহার করে লেকচার শীটে বর্ণিত বিষয়ে ধারণা লাভ করে। স্কাইপি-এর মাধ্যমে প্রশিক্ষণার্থী ফিডব্যাক প্রদান করে। তথ্য মন্ত্রণালয়ের অধীন অন্যান্য দপ্তর/সংস্থা, বাংলাদেশ বেতার, বেসরকারি টেলিভিশন, কমিউনিটি রেডিও, এফএম রেডিও এন্ড ফ্রিল্যান্সারদের জন্য এ কোর্সটি আয়োজন করা হয়। ফ্রিল্যান্সারদের জন্য কোর্সটি সম্পন্ন করতে কোর্স ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকা প্রদান করতে হয়।

অস্টম অধ্যায়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মসম্পাদনের চিত্র (২০১৯-২০)

- প্রশাসনিক মন্ত্রণালয়ের মূল্যায়ন অনুযায়ী জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) লক্ষ্যমাত্রার ৯৫.৪৭% অর্জন করে।
- এ অর্থবছরে ২১টি প্রশিক্ষণের মাধ্যমে ৩২৪ জন পুরুষ ও ১৩১ জন মহিলাসহ মোট ৪৫৫ জন প্রশিক্ষণার্থীকে, ২৯ টি ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে ৬৬০ জন পুরুষ ও ১২১ জন মহিলাসহ মোট ৭৮১ জন প্রশিক্ষণার্থীকে, ২৭ ওয়ার্কশপের মাধ্যমে ৫১১ জন পুরুষ ও ২১০ জন মহিলাসহ মোট ৭২১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- মাঠ সমীক্ষার মাধ্যমে ২ টি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। গবেষণাগুলোর শিরোনাম নিম্নরূপ:
 - (1) Determinants of Effective Involvement of Electronic and Social Media in Reducing Juvenile Delinquency in Bangladesh.
 - (2) Training Technique of National Institute of Mass Communication in the Context of Increasing Trend in the Use of Social Media.
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ১(এক) টি নিউজ লেটার প্রকাশিত হয়েছে।
- ১ টি ভিডিও এডিটিং স্যুট, ৭টি কম্পিউটার এবং ৭ টি প্রিন্টার ক্রয় করা হয়েছে।
- ০৩ (তিন) জন কর্মকর্তার পদোন্নতি পেয়েছে।
- নন ক্যাডার কর্মকর্তাদের জন্য ২ টি বুনিয়াদি পাঠ্যধারা সম্পন্ন হয়েছে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব/নাট্যকলা/থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য ৩ টি টেলিভিশন নাটক প্রযোজনা পাঠ্যধারা সম্পাদিত হয়েছে।
- সম্প্রচারকর্মী, গণযোগাযোগকর্মী, উপস্থাপক, সংবাদ পাঠক, সংবাদদাতা, সাংবাদিক, ফিল্মগার, সাংস্কৃতিক কর্মী এবং শিক্ষার্থীদের জন্য বিভিন্ন মডিউলের লক্ষ্য, উদ্দেশ্য, পাঠ্যসূচি, প্রশিক্ষণার্থীর সংখ্যা, আবেদন প্রক্রিয়া, প্রশিক্ষণ পদ্ধতি সম্পর্কে তুলে ধরে একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার বছরের শুরুতেই প্রকাশ করা হয়েছে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ঢাকা স্কুল অব ব্রডকাস্ট জার্নালিজমের অধীনে এক বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স

ক্রম	পাঠ্যধারা শিরোনাম	স্থিতি
১.	পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম (ব্যাচ-৪)	৫২ সপ্তাহ

- পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা:

ইাম	পদবী	পদোন্নতির তারিখ
সুফী জাকির হোসেন	অতিরিক্ত মহাপরিচালক	৫ নভেম্বর ২০১৯
মোহা: আব্দুস সালাম	প্রোগ্রামার	৭ অক্টোবর ২০১৯
সুমনা পারভীন	উপপরিচালক (টিভি অনু. প্রশি.)	২৩ ডিসেম্বর ২০১৯

- অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা:

নাম	পদবী	অবসর গ্রহণের তারিখ
জনাব মো: ফাইজ উদ্দিন	নিরাপত্তা প্রহরী	০৩.০১.২০২০
জনাব মো: গোলাম মোস্তফা	কাঠমস্ত্রী	১১.০৬.২০২০

- বৈদেশিক প্রশিক্ষণ/ সেমিনারে অংশগ্রহণকারী কর্মকর্তার নামের তালিকা:

নাম ও পদবী	কর্মশালা/ সেমিনারের নাম	তারিখ	দেশের নাম
শাহিন ইসলাম, এনডিসি মহাপরিচালক	Mass Media Policy and Practices: Internatoal perspective	২২-২৪ জুলাই ২০১৯	অস্ট্রেলিয়া ও ইন্দোনেশিয়া
সৈয়দ জাহিদুল ইসলাম উপ-পরিচালক (প্রশাসন)			
শাহিন ইসলাম, এনডিসি মহাপরিচালক	45 th Annual Gathering/18 th AIBD, General Conference & Associated Meeting	২২-২৪ আগস্ট ২০১৯	ভুটান
মোহা: আব্দুল জলিল উপপরিচালক (অর্থ)			
মিজ রওনক জাহান উপপরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন)			
মো: নজরুল ইসলাম পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)	Mas Mmedia Policy and Practices: International Perspective	০২-০৭ জানুয়ারি ২০২০	অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড
মো. মুনজুরুল আলম পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)			
মো: মাসুদ মনোয়ার ভূঁঞা সহকারি পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ)			
মো: আব্দুল মান্নান সহকারি পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন)	Data Journalism and Info Graphics for Newsroom	১৮-২০ সেপ্টেম্বর ২০১৯	মালয়েশিয়া

- নতুন নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা / কর্মচারির তালিকা:

নাম	পদবী	যোগদানের তারিখ
জনাব মো: কামরুল হাসান শান্ত	মেকানিক	০৭.০৭.২০১৯
জনাব মো: আসিফ	অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১১.০৭.২০১৯
জনাব মো: এনায়েত	গাড়িচালক	০৮.০৭.২০১৯
জনাব মো: শাহাদাৎ হোসেন	ক্যাশ সরকার	০৯.০৭.২০১৯

- জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান:

সরকার কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ খ্রি: এর আলোকে গ্রেড ০১ থেকে গ্রেড ১০ ভুক্ত ৪র্থ গ্রেডের কর্মকর্তা হিসেবে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো: নজরুল ইসলাম এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ ভুক্ত ১১তম গ্রেডের কর্মচারী হিসেবে উচ্চমান সহকারি জনাব সুধন্য কুমার রায়কে শুদ্ধাচার পুরস্কার ২০২০ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়।

- বাংলাদেশ টেলিভিশনের প্রথম শ্রেণির এন্ট্রিপদের কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা: বাংলাদেশ টেলিভিশনের প্রথম শ্রেণির এন্ট্রিপদের কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক গত ৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে পরীক্ষা গ্রহণ করা হয়। উক্ত পরীক্ষায় ০৪ টি বিভাগে ১ম পত্রে ৬ জন ও ২য় পত্রে ৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীদের মধ্যে ১ম পত্রে ৫ জন উত্তীর্ণ হন। ১ম পত্রে পাশের হার ৮৪%। ২য় পত্রের পরীক্ষা দুর্যোগকালীন অনুষ্ঠিত হয়নি। পরিস্থিতি স্বাভাবিক হলেই ২য় পত্রের পরীক্ষা গ্রহণ করা হবে।

নবম অধ্যায়

প্রশিক্ষণ পদ্ধতি ও কোর্স মূল্যায়ন

প্রশিক্ষণ পদ্ধতি :

প্রশিক্ষণ কার্যকর করার লক্ষ্যে নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়ঃ-

- (ক) লেকচার মেথড;
- (খ) কেইস স্টাডি মেথড;
- (গ) সিমুলেশন;
- (ঘ) দলীয় আলোচনা;
- (ঙ) ব্যক্তিগত উপস্থাপনা;
- (চ) অনুশীলন;
- (ছ) ব্রেইন স্টর্মিং;
- (জ) প্রশ্নোত্তর পদ্ধতি;
- (ঝ) গ্রুপ/সিম্বলিকিট আলোচনা;
- (ঞ) মাঠ জরিপ;
- (ট) ভিআইপিপি পদ্ধতি
- (ঠ) এক্সটেনশন লেকচার
- (ড) ভিডিও প্রদর্শন
- (ঢ) মাল্টিমিডিয়ার ব্যবহার
